

## ক্ষমাপ্রার্থী



### Shreya Mukherjee

Student  
BSc. 2<sup>nd</sup> Year  
Department of Environmental Science  
Asutosh College  
mukherjeeshreya76@gmail.com

আমায় ক্ষমা করো...

ধরিত্রী, আমায় ক্ষমা করো।

স্বার্থসিদ্ধিতে মত্ত মানুষ আমি,

বুঝিনি তোমার বেদনা, শুনিনি তোমার হাহাকার....করেছি অবহেলা।

নিজেকে দিয়েছে উজাড় করে,

সবটুকু শক্তি দিয়ে আমায় করেছে 'মানুষ'।

কিন্তু ব্যর্থ আমি পারিনি!!!!

পারিনি সন্তান এর ভূমিকায় নিজেকে শ্রেষ্ঠ প্রমাণ করতে।

শ্রেষ্ঠ জীব... আমি মানুষ, তোমার ব্যর্থ সন্তান।

আজ আমি ক্ষমা প্রার্থী।

তোমার প্রতি হওয়া সকল অন্যায় এর কারণ, আমিই

ক্ষমা করো আমায়।

তবে আর নয়,

কংক্রিট, প্লাস্টিক এর এ বাঁধন মুক্ত তুমি হবেই।

হেঁসে উঠবে সকল জীব, গাছপালা।

আমরা একসাথে পথ চলবো ঠিক আগের মত, তোমাকে নিয়ে, তোমার ছত্র ছায়ায়।



দেবে তো আশ্রয়?

মুখ ফিরিয়ে নিয়ে.... আমার ভুলের চরম শাস্তি দেবে না তো?

কথা দিলাম আমি, হ্যাঁ আমি,

ভবিষ্যতের ভবিষ্যৎ করব সুরক্ষিত।

তোমার আঁচলের নিচে ফিরিয়ে আনবো শান্তি।

শেষে শুধু বলি,

“ব্যর্থ মানব আমি স্বার্থ পূরণে মত্ত

অন্তিম কালের পূর্বে যেন ফেরে মোর চিন্তা”।

